মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়)
উপসচিব (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১)
উপসচিব (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২)
উপসচিব (নিকার)
উপসচিব (সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা)
উপসচিব (সিভিল রেজিস্ট্রেশন)
উপসচিব (সামাজিক নিরাপত্তা)
উপসচিব (উন্নয়ন অভিলক্ষ বাস্তবায়ন)
উপসচিব (উন্নয়ন অভিলক্ষ সমন্বয় ও আন্তঃমন্ত্রণালয় দ্বন্দ্ব নিরসন)
সিনিয়র সহকারী সচিব (নিকার-২)
সিনিয়র সহকারী সচিব (নিকার-২)
ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরি নম্বর: ১১৪১
তারিখ:
স্বাক্ষর:

সচিব (সমন্বয় ও সংস্কার)
এর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (সংস্কার)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
একান্ত সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং
তারিখ
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়

## সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ভাতাসমূহ ডিজিটাল উপায়ে প্রদানে নীতিমালা ও রোডম্যাপ প্রণয়নের জন্য গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আজিজুল আলম, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৩ ডিসেম্বর ২০১৮, সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচী, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ভাতাসমূহ ডিজিটাল উপায়ে প্রদানে নীতিমালা ও রোডম্যাপ প্রণয়নের জন্য গঠিত অত্র কমিটির কার্যপরিধি সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি বলেন যে, গত ১৩-১২-১৮ ইং তারিখে ১ম সভায় ডিজিটাল পেমেন্ট তথা G2P পেমেন্ট পদ্ধতি ও অনুসরণীয় বিষয়সমূহ বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত ডিজিটাল পদ্ধতিতেই এ পর্যন্ত ৬টি কর্মসূচীর ২.৫০ লক্ষ উপকারভোগীর ভাতা/বৃত্তি প্রেরণ করা হয়েছে। তিনি উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের প্রতিনিধিদের তাদের আওতাধীন বিভিন্ন নগদ অর্থ সহায়তা কর্মসূচীর ডিজিটাল পেমেন্ট বাস্তবায়ন সম্পর্কিত রোডম্যাপ উপস্থাপন করতে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সভায় বলেন যে, তাঁর মন্ত্রণালয়ের আওতাধীন দু'টি কর্মসূচীর G2P বাস্তবায়নে কাজ চলছে এবং আগামী জুন, ২০১৯ মাসের মধ্যে সকল ভাতাভোগীর ডিজিটাল পেমেন্ট করা হবে। সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, তাঁর অধিদপ্তরে তিনটি বৃহৎ কর্মসূচীর ডিজিটাল পেমেন্ট বাস্তবায়নে ভাল অগ্রগতি হয়েছে। তিনি অধিদপ্তর প্রণীত রোডম্যাপ সভায় পেশ করেন এবং বলেন যে, তাদের কর্মসূচীসমূহের উপকারভোগীর সংখ্যা বেশী হওয়ায় আগামী জুন, ২০২০ নাগাদ পর্যন্ত সকল উপকারভোগীকে G2P পেমেন্ট পদ্ধতিতে আনয়ন সম্ভব হবে। সভাপতি সমাজসেবা অধিদপ্তর পরিচালিত ছোট কর্মসূচীসমূহের নগদ হস্তান্তর ও ডিজিটাল পদ্ধতিতে পেমেন্ট এর আওতায় আনার অনুরোধ করেন।

৩। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, বিভিন্ন জেলা উপজেলা থেকে প্রেরীত তথ্যের ডাটা এন্ট্রি কাজ চলছে। সচিব মহোদয়ের সভাপতিত্বে সম্প্রতি অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী জানুয়ারী, ২০১৯ মাস কক্সবাজার ও সিলেট জেলায় G2P বাস্তবায়ন শুরু হবে এবং ডিসেম্বর, ২০১৯ মাসের মধ্যে সকল জেলায় সম্পন্ন করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, অতি দরিদ্র কর্মসংস্থান কর্মসূচীর দুটি উপজেলায় ডিজিটাল পেমেন্ট সম্পন্ন হয়েছে। নুতন MIS প্রতিষ্ঠা এবং ডাটাবেজ ট্রান্সফার করে সকল উপজেলায় G2P বাস্তবায়ন করা হবে।

৪। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, গাজীপুর জেলায় ১.২৭ লক্ষ প্রাথমিক শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে প্রেরীত হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি পেমেন্ট ফিডব্যাক পদ্ধতি জানতে চান সভাপতি এ কর্মসূচীর MIS প্রতিষ্ঠার অনুরোধ করেন। প্রকল্প পরিচালক, মাধ্যমিক শিক্ষা উপ-বৃত্তি প্রকল্প বলেন যে, একটি উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে জানুয়ারী, ২০১৯ মাসে বৃত্তি প্রদান করা হবে এবং পরবর্তীতে সকল জেলায় সম্প্রসারণ করা হবে। সেসিপ এবং উচ্চ মাধ্যমিক উপ-বৃত্তি প্রকল্পের ভাতাভোগীদের G2P পদ্ধতিতে ভাতা প্রদানে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন।

৫। অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বলেন যে, BEFTEN অবকাঠামো ব্যবহার করে G2P বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক হতে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত থাকবে। কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কোর ব্যাংকিং হিসেবে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা নেয়া হবে মর্মে তিনি জানান। অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, বিভিন্ন মন্ত্রণালয়ের সকল

মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা শাখা
ডাইরি নম্বর: ০৬
তারিখ: ৭/০১/২০১৯ ইং

কর্মসূচীর রোডম্যাপ এবং ডিজিটাল পেমেন্ট (G2P) অনুসরণীয় নীতিমালা সংশ্লিষ্ট সকলের নিকট মতামত গ্রহণের জন্য প্রেরণ করা যেতে পারে।

৬। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. সংশ্লিষ্ট/মন্ত্রণালয়/অধিদপ্তরের সকল ভাতা/বৃত্তি/উপবৃত্তি কর্মসূচীর ডিজিটাল পেমেন্ট (G2P) বাস্তবায়ন রোডম্যাপ (সংযোজনী-ক) প্রণয়ন করা হয়। প্রণীত রোডম্যাপ এবং ১ম সভায় আলোচিত ডিজিটাল পেমেন্ট অনুসরণীয় নীতিমালা (সংযোজনী-খ) সংশ্লিষ্ট সকলের নিকট মতামতের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংককে কোর ব্যাংকিং অন্তর্ভুক্ত এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার পেমেন্ট ব্যবস্থা চালু করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হয়।

গ. প্রাথমিক শিক্ষা উপবৃত্তি প্রকল্পের এমআইএস (MIS) প্রতিষ্ঠার জন্য অনুরোধ করা হয়। এটুআই প্রোগ্রাম এই এমআইএস বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবে।

ঘ. সেসিপ এবং উচ্চ মাধ্যমিক উপ-বৃত্তি প্রকল্পের MIS অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত করণ ও দ্রুত G2P পেমেন্ট শুরুর অনুরোধ করা হয়।

ঙ. মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কর্মসূচীসমূহে G2P বাস্তবায়ন রোডম্যাপ ও নীতিমালা বিষয়ে কোন মতামত সকলকে আগামী ৬ জানুয়ারি ২০১৯ এর মধ্যে প্রেরণের অনুরোধ করা হয়।

৭। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/১৮

(মোঃ আজিজুল আলম)
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ
ও
সভাপতি
ডিজিটাল পেমেন্ট রোডম্যাপ এবং নীতিমালা প্রণয়ন কমিটি

স্মারক নং- ০৭.০০.০০০০.০৯২.৯৯.০০২.১৮ – ১০/৭

তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ সংস্কার ও সমন্বয়, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৩। প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন ষ্টাইপেন্ড প্রকল্প/ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইম্প্রুভমেন্ট প্রোগ্রাম/ উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, প্রাথমিক শিক্ষা উপবৃত্তি প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, SMODMRPA প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৬। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, ঢাকা।

৭। জনাব খন্দকার আলি কামরান আল জাহীদ, যুগ্ম পরিচালক, পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

'সংযোজনী'- ক

## সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ডিজিটাল পেমেন্ট (G2P) রোডম্যাপ

### ১.মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মাতৃত্বকাল ভাতা<br>মোট ভাতাভোগীঃ ৭.০০ লক্ষ | ক) MIS প্রস্তুতপূর্বক ৭ উপজেলায় ৮৮১১ জন উপকার ভোগীকে G2P পেমেন্ট পদ্ধতিতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ভাতা প্রেরণ করা হয়েছে।<br>খ) সকল ভাতাভোগীর ডাটা সিস্টেমে এন্ট্রি প্রদান কার্যক্রম চলছে।<br>গ) ২.০০ লক্ষ ভাতাভোগীর ডাটা এন্ট্রি প্রদান সম্পন্ন হয়েছে। | জানুয়ারী, ২০১৯ মাসে ১৫০ উপজেলা এবং মার্চ ২০১৯ মাসের মধ্যে সকল উপজেলার বিদ্যমান (৬.০ লক্ষ) ভাতাভোগীর G2P বাস্তবায়ন। | নূতন ভাতাভোগী নির্বাচন ও অর্ন্তভুক্ত করে সকল উপজেলার সকল (৭.০০ লক্ষ) ভাতাভোগীর G2P বাস্তবায়ন। | নূতন ভাতাভোগী নির্বাচনকালে ব্যাংক/মোবাইল ব্যাংক একাউন্ট নম্বর এবং NID নম্বর প্রদানের ব্যবস্থা রাখা। |
| ২. | ল্যাকটেটিং মাদার সহায়তা<br>মোট ভাতাভোগীঃ ২.৫০ লক্ষ | ক) MIS প্রস্তুত এবং SPBMU MIS এর সাথে সংযুক্ত হয়েছে।<br>খ) সকল ভাতাভোগীর ডাটা সিস্টেমে এন্ট্রি প্রদান কার্যক্রম চলছে।<br>গ) ৩০ হাজার ভাতাভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। | জানুয়ারী, ২০১৯ মাসে BGMEA এবং BKMEA এর উপকারভোগীদের এবং মার্চ, ২০১৯ মাসের মধ্যে সকল পৌরসভা/সিটি কর্পোরেশনের বিদ্যমান (২.০ লক্ষ) ভাতাভোগীদের G2P বাস্তবায়ন | নূতন ভাতাভোগী নির্বাচন ও অর্ন্তভুক্ত করে সকল উপজেলার সকল (২.৫০ লক্ষ) ভাতাভোগীর G2P বাস্তবায়ন। | নূতন ভাতাভোগী নির্বাচনকালে ব্যাংক/মোবাইল ব্যাংক একাউন্ট নম্বর এবং NID নম্বর প্রদানের ব্যবস্থা রাখা। |

### ২. সমাজ কল্যাণ মন্ত্রণালয়ঃ সমাজসেবা অধিদপ্তর

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী - মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | জুলাই- সেপ্টেম্বর, ২০১৯ | অক্টোবর- ডিসেম্বর, ২০১৯ | মার্চ ২০২০ | জুন ২০২০ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বয়স্ক ভাতা<br>মোট ভাতাভোগীঃ ৪০.০০ লক্ষ | ক) অধিদপ্তরের MIS অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত হয়েছে।<br>খ) ১১ উপজেলার ১.২২ লক্ষ ভাতাভোগীর সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত G2P পেমেন্ট পদ্ধতিতে ভাতা প্রেরণ করা হয়েছে | ৩.০০ লক্ষ | ১০.৪০ লক্ষ | ৩১.৭০ লক্ষ | ৪৬.৭০ লক্ষ | ৫৮.৭০ লক্ষ | ৬৫.০০ লক্ষ | ভাতাভোগীর একাউন্ট খোলাসহ ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। |
| ২. | বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা<br>মোট ভাতাভোগীঃ ১৪.০০ লক্ষ | | | | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩. | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মোট ভাতাভোগীঃ ১০.০০ লক্ষ | গ) ১৬ জেলার ডাটা সিস্টেমে এন্ট্রি চলমান আছে।<br>ঘ) ৩.০০ লক্ষ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। | | | | | | | |

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪. | বেদে, হরিজন, চা শ্রমিক, হিজড়া, ক্যান্সার, কিডনিসহ অন্যান্য ছোট কর্মসূচী | - - - - - - | ক) অধিদপ্তরের MIS এ কর্মসূচীর লিঙ্ক তৈরী করা<br>খ) কর্মসূচীসমূহের ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন করা | ক) সকল ভাতাভোগীর G2P পেমেন্ট পদ্ধতিতে ভাতা প্রেরণ | |

### ৩. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | জুলাই- সেপ্টেম্বর, ২০১৯ | অক্টোবর- ডিসেম্বর, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা মোট ভাতাভোগীঃ ১.৯০ লক্ষ | ক) কর্মসূচীর MIS প্রস্তুত এবং অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত হয়েছে।<br>খ) কক্সবাজার জেলার সম্পূর্ণ ও ১১ জেলার ২২ উপজেলার আংশিক ডাটা এন্ট্রি সম্পন্ন | ক) জানুয়ারী, ২০১৮ মাসে কক্সবাজার ও সিলেট জেলার G2P বাস্তবায়ন।<br>খ) মার্চ, ২০১৮ মাসের মধ্যে ১২ জেলার ডাটা এন্ট্রি সম্পন্ন ও G2P বাস্তবায়ন। | ২৪ জেলা | ৪৪ জেলা | ৬৪ জেলা (১.৯০ লক্ষ জন) | |

### ৪. দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | জুলাই- সেপ্টেম্বর, ২০১৯ | অক্টোবর- ডিসেম্বর, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | অতি দরিদ্র কর্মসংস্থান কর্মসূচী মোট ভাতাভোগীঃ ৮.৫০ লক্ষ | ক) কর্মসূচীর MIS (পুরাতন) অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত হয়েছে<br>খ) দুইটি উপজেলার ২৩০৪ জনের সাপ্তাহিক মজুরী G2P পদ্ধতিতে প্রেরণ করা হয়েছে। | ১৯ উপজেলা কর্মসূচীর নূতন MIS জানুয়ারী, ২০১৯ মাসে স্থাপন ও অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত করতে হবে। | ৩২ জেলা | ৪৮ জেলা | ৬৪ জেলা (৮.৫০ লক্ষ জন) | নূতন MIS শুরুতেই SPBMU MIS এর সাথে সংযুক্ত করণের উপযোগী নিশ্চিত করতে হবে। |

৫. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক শিক্ষা উপবৃত্তি প্রকল্প মোট ভাতাভোগীঃ ১৪৩.০০ লক্ষ | ক) প্রকল্প অফিস ও সিওর ক্যাশ হতে ১টি জেলার ১.২৭ লক্ষ উপকারভোগীর ডাটা অর্থ বিভাগের SPBMU MIS-এ প্রেরণ করা হয়েছে এবং<br>খ) গাজীপুর জেলার ১.২৭ লক্ষ ভাতাভোগীর জুলাই- সেপ্টেম্বর, ২০১৯ তিন মাসের ভাতার অর্থ G2P পদ্ধতিতে প্রেরণ করা হয়েছে। | ক) অত্র কর্মসূচীর নিজস্ব MIS তৈরী এবং অর্থ বিভাগের SPBMU MIS-এর সাথে সংযুক্ত করা<br>খ) ৩১ জেলার সকল (৫০.০ লক্ষ) উপকারভোগীর G2P পেমেন্ট বাস্তবায়ন। | ৬৪ জেলা (১৪৩.০০ লক্ষ) | প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের নিজস্ব MIS তৈরী প্রয়োজন। |

৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | এপ্রিল- জুন, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি কর্মসূচী মোট উপকারভোগীঃ (১৮৬ উপজেলা) | ক) MIS প্রস্তুত এবং অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত হয়েছে।<br>খ) একটি উপজেলায় পাইলট ভিত্তিতে G2P এর জন্য প্রশিক্ষণ ও ডাটা এন্ট্রি চলমান। | ক) জানুয়ারি মাসে একটি উপজেলায় পাইলট ভিত্তিতে G2P বাস্তবায়ন।<br>খ) মার্চ, ২০১৯ মাসের মধ্যে ৩২ জেলায় G2P বাস্তবায়ন। | ৬৪ জেলা | |
| ২. | সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রকল্প মোট উপকারভোগীঃ (৫৪ উপজেলা) | ক) ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ চলমান। | ক) কর্মসূচীর MIS প্রস্তুত এবং অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত করা।<br>খ) মার্চ, ২০১৯ মাসের মধ্যে ৩২ জেলায় G2P বাস্তবায়ন। | ৬৪ জেলা | |
| ৩. | উচ্চ মাধ্যমিক উপ-বৃত্তি প্রকল্প মোট উপকারভোগীঃ ........ (সকল উপজেলা) | ক) ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ চলমান। | ক) কর্মসূচীর MIS প্রস্তুত এবং অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত করা।<br>খ) মার্চ, ২০১৯ মাসের মধ্যে ৩২ জেলায় G2P বাস্তবায়ন। | ৬৪ জেলা | |

৭. <u>স্থানীয় সরকার বিভাগ</u>

| ক্রমিক নং | কর্মসূচীর নাম | ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অগ্রগতি ও প্রস্তুতি | জানুয়ারী- মার্চ, ২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ইনকাম সাপোর্ট প্রোগ্রাম ফর দ্য পুওরেস্ট (যত্ন) মোট উপকারভোগীঃ ৬.০০ লক্ষ | কর্মসূচীর ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ চলমান। | ক) কর্মসূচীর MIS প্রস্তুত এবং অর্থ বিভাগের SPBMU MIS এর সাথে সংযুক্ত করা।<br>খ) নির্বাচিত উপকারভোগীদের G2P পেমেন্ট বাস্তবায়ন। | কর্মসূচীর MIS তৈরী প্রয়োজন। |